**কবিতা/গল্প প্রকাশ**



নিজস্ব লেখা কবিতা/গল্প
সংবাদপত্রে প্রকাশিত করতে
যোগাযোগ নং - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



**হলি ডে হোম বুকিং**



দর্শনীয় ভ্রমণের জায়গা-
**হোটেল/রিসোর্ট :-** তারাপীঠ,দিঘা ,পুরী, চিলকা, দার্জিলিং,আন্দামান । **হোম স্টে :-** আলিপুরদুয়ার। **বাগান বাড়ি :-** খেজুরি- পূর্ব মেদিনীপুর। বুকিং এর জন্য যোগাযোগ করুন "**এই যুগ**" অফিসে।
ফোন নং: 9062867921 ।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 11 OCTOBER 2025 ,SATURDAY | ১১ অক্টোবর ২০২৫ ,শনিবার ● VOLUME | বর্ষ-5 ● ISSUE | সংখ্যা-415


## ঘুমপাড়ানি গুলিতে কাবু করে ফালাকাটার মূর্তিমান আতঙ্ককে নিয়ে গেলেন বন কর্মীরা



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ ,আলিপুরদুয়ার, ১০ অক্টোবর : উত্তরবঙ্গের সাম্প্রতিক বন্যায় নদীর জলে ভেসে এসে তিনি আশ্রয় নিয়েছিলেন কোচবিহার জেলার পুন্ডিবাড়ি এলাকায় আর গোটা এলাকায় রাজত্ব বিস্তার করতে গিয়ে মূর্তিমান আতঙ্ক হয়ে উঠেছিলেন। তিনি হলেন সম্ভবত চিলাপাতা বা জলদাপাড়া থেকে তোর্সা নদীর জলের তোড়ে ভেসে আসা একটি গন্ডার। এর দাপটে রীতিমতো আতঙ্কের পরিবেশ সৃষ্টি হয় এলাকায়, যাকে তাকে মারতে তেড়ে আসে। একে কাবু করতে বন কর্মীরা কুনকি হাতি নিয়ে আসেন কিন্তু কাবু করতে পারেননি। শুক্রবার গন্ডারটি হিংস্র হয়ে ওঠে ও এলাকার সুভাষ পল্লীর বাসিন্দা দিলীপ দাস (৬৫) ও বিভা কর (৮৫) দুজনকে জখম করে গা ঢাকা দেয়। খবর পেয়ে পুন্ডিবাড়ি থানার পুলিশ ও বন কর্মীরা ঘটনাস্থলে পৌঁছে দীর্ঘক্ষনের চেষ্টায় ঘুমপাড়ানী গুলি ছুড়ে গন্ডারটিকে কাবু করেন ও খনন যন্ত্রের সাহায্যে সেটিকে উদ্ধার করে নিয়ে যান। বন কর্মীরা জানান গন্ডারটিকে ফের জঙ্গলে ফেরানোর ব্যবস্থা গ্রহন করা হয়েছে।

## দশ নম্বর জাতীয় সড়কে ফের ধস, বন্ধ সিকিম বাংলা যান চলাচল



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১০ অক্টোবর : ফের ধসএর কবলে পশ্চিমবঙ্গ থেকে সিকিম যাবার লাইফলাইন দশ নম্বর জাতীয় সড়ক । বৃহস্পতিবার রাতে জাতীয় সড়কটির একাংশ ধসে গিয়ে বন্ধ হয়ে যায় যান চলাচল। জানা গেছে ঊনত্রিশ মেইল এলাকা থেকে গেলখোলা সড়কের ছয় ফুট অংশ ধসে গিয়ে খাদে পড়ে যায়। জাতীয় সড়ক কর্তৃপক্ষ ধস মেরামতের কাজ শুরু করেছে কিন্তু যানবাহন চলাচল কখন স্বাভাবিক হবে তা বলা সম্ভব নয় বলে জানিয়েছেন কর্মরত জাতীয় সড়ক কর্তৃপক্ষের কর্মীরা ।

## শিলিগুড়ির বিধান মার্কেটে ত্রান সংগ্রহ করছেন বিধায়ক




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১০ অক্টোবর : সম্প্রতি বন্যায় প্লাবিত হয়েছে উত্তরবঙ্গের বিভিন্ন জেলা। জলপাইগুড়ি, আলিপুরদুয়ার এই দুটি জেলায় ক্ষয় ক্ষতির পরিমান প্রচুর। বন্যার্তদের ত্রান দেবার লক্ষ্যে শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ শুক্রবার শিলিগুড়ির বিধান মার্কেট এলাকায় ত্রান সংগ্রহ করলেন। এদিন তিনি দলীয় কর্মী সমর্থকদের নিয়ে মার্কেটের ক্রেতা বিক্রেতাদের থেকে ত্রান সংগ্রহ করেন। উল্লেখ্য জলপাইগুড়ির নাগরাকাটায় বন্যা কবলিত এলাকা পরিদর্শনে গিয়ে বিধায়ক শংকর ঘোষ ও মালদহ উত্তরের সাংসদ খগেন মুর্মু আক্রান্ত হন। বিধায়ক শংকর ঘোষ বেসরকারি হাসপাতাল থেকে ছাড়া পেলেও সাংসদ এখনো চিকিৎসাধীন আছেন শিলিগুড়ির ঐ হাসপাতালে। বিধায়ক শংকর ঘোষ জানান আগামীকাল তিনি পুনরায় ত্রান বিলি করতে নাগরাকাটায় যাবেন। সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি জানান এর আগে নাগরাকাটায় যে ঘটনা ঘটেছে তা ঘটা উচিত ছিলোনা। পাশাপাশি তিনি মন্তব্য করেন এরাজ্যে এরকমটা ঘটবে তাতে আশ্চর্য হবার মতো কিছু নেই।

## লেপার্ড নিয়ে আতঙ্ক শামুকতলায়



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : লেপার্ড নিয়ে আতঙ্ক ছড়িয়েছে বক্সা ব্যাঘ্র প্রকল্পের সাউথ রায়ডাক রেঞ্জ অফিস সংলগ্ন এলাকায়। লেপার্ড আতঙ্কে ভুগছে বড়পুকুরিয়া এলাকার বাসিন্দারা। শুক্রবার বেলা দুইটা নাগাদ বনদপ্তরের বিভিন্ন কর্মীরা গিয়ে পৌঁছায় বড়পুকুরিয়া এলাকায় লেপার্ডের পায়ের ছাপ সংগ্রহ করতে। শুক্রবার সাত সকালে এলাকায় বেশ কিছু অজানা জন্তুর পায়ের ছাপ দেখা যায় আর তাই দেখে আতঙ্কগ্রস্ত হয়ে যান এলাকার বাসিন্দারা। এলাকার বাসিন্দারা জানিয়েছেন রাতে ওই এলাকায় লেপার্ড ঢুকেছিল । বিষয়টি বনদপ্তরের কর্মকর্তাদের জানানো হয়েছে। বেলা দুটা নাগাদ বনদপ্তরের বিভিন্ন কর্মীরা ওই এলাকায় গিয়ে পৌঁছান। এলাকার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন এবং পায়ের ছাপ সংগ্রহ করে বনদপ্তরের উচ্চ দপ্তরে পাঠান। যদিও সাউথ রায়ডাক রেঞ্জের রেঞ্জার দেবাশীষ মন্ডল জানিয়েছেন লেপার্ডের খবর পাওয়ার পরেই ওই এলাকায় বনদপ্তরে কর্মীরা গিয়ে পায়ের ছাপ সংগ্রহ করেছে তবে পায়ের ছাপ দেখে স্পষ্ট সেটা লেপার্ডের নয়। এলাকায় নজরদারি রাখা হয়েছে জোরদার।

# আগুন থেকে বাঁচলো কলেজ পাড়ার বাসিন্দারা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : আলিপুরদুয়ার তিন নম্বর ওয়ার্ডে আগুন লাগার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। ঘটনাস্থলে পৌঁছেছে দমকলের একটি ইঞ্জিন এমনটাই জানা গেছে শুক্রবার বেলা দুটো নাগাদ। আলিপুরদুয়ার জেলা শহরের কলেজপাড়ায় তিন নম্বর ওয়ার্ডে একটি বাড়িতে গ্যাস সিলিন্ডার লিক করে আগুন লাগে যদিও দমকলের কর্মীরা ঘটনাস্থলে গিয়ে আগুন আয়ত্তে নিয়ে আসে। দমকল কর্মীদের তৎপরতায় বড় ধরনের দুর্ঘটনা থেকে রক্ষা পেল পরিবারসহ এলাকার বাসিন্দারা।

# বিজেপি সাংসদ ও বিধায়কদের উপর হামলার প্রতিবাদে কুমারগ্রাম বিধানসভা কেন্দ্রের বারোবিশায় মহা মিছিল ও পথসভা বিজেপির



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ১০ অক্টোবর : সম্প্রতি উত্তরের বন্যা কবলিত কুমারগ্রামের মাঝেরডাবরী ও বিত্তিবাড়ি এলাকায় ত্রান দিতে গিয়ে আক্রান্ত হয়েছেন কুমারগ্রামের বিজেপি বিধায়ক মনোজ কুমার ওঁরাও। জলপাইগুড়ি জেলার নাগরাকাটা ব্লকে বন্যা পরিস্থিতি পরিদর্শনে গিয়ে আক্রান্ত হন মালদহ উত্তরের সাংসদ খগেন মুর্মু এবং শিলিগুড়ির বিধায়ক শংকর ঘোষ। বিজেপি বিধায়ক ও সাংসদের উপর আক্রমনের প্রতিবাদে শুক্রবার বিকালে কুমারগ্রাম বিধানসভা কেন্দ্রের বারোবিশায় প্রতিবাদ মিছিল ও পথসভা করে কুমারগ্রাম বিধানসভা এলাকার বিজেপি কর্মী সমর্থকরা। উপস্থিত ছিলেন বিধায়ক মনোজ কুমার ওঁরাও, বিজেপির আলিপুরদুয়ার জেলা সভাপতি মিঠু দাস, জেলা সহ সভাপতি বাবুলাল সাহা, জেলা সম্পাদক বিপ্লব দাস সহ অন্যান্য নেতৃত্ব। বিধায়ক মনোজ কুমার ওঁরাও ও জেলা সভাপতি মিঠু দাস তাদের বক্তব্যে রাজ্যের শাসক দলের কঠোর সমালোচনা করে বলেন এদের শেষ সময় এসে গেছে তাই এই দলের কর্মী সমর্থকরা বিজেপি বিধায়ক ও সাংসদের উপর আক্রমন করছে। রাজ্যের মানুষ ছাব্বিশের ভোটেই এদের বিদায় করবেন বলে ও মন্তব্য করেন।

# নাবালিকাকে অপহরণের অভিযোগে গ্রেপ্তার নাবালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : সাড়ে ১৬ বছরের নাবালিকাকে অপহরণের অভিযোগে আলিপুরদুয়ার জেলার দক্ষিণ কামসিং এলাকা থেকে গ্রেপ্তার নাবালককে জলপাইগুড়ি জেজেবি আদালতে পাঠালো শামুকতলা রোড ফাঁড়ির পুলিশ শুক্রবার বেলা আড়াইটা নাগাদ। শামুকতলা থানা এলাকার এক নাবালিকাকে অপহরণ করার অভিযোগে বৃহস্পতিবার রাত দুটো নাগাদ গ্রেপ্তার করা হয় ওই নাবালককে উদ্ধার করা হয় সাড়ে ১৬ বছরের নাবালিকাটিকে। প্রায় আট মাস ধরে নাবালক এবং নাবালিকার কথা হয় সোশ্যাল মিডিয়ায়। গত তিন দিন আগে নাবালিকাকে বাড়ি থেকে তুলে নিয়ে যায় ১৭ বছরের নাবালক। নাবালিকার পরিবার বিষয়টি জানার পরেই নাবালকের বাড়িতে যায় নাবালিকাকে আনতে কিন্তু সেখানে তাদের মারধর করা হয়। এরপরেই পুলিশের কাছে অভিযোগ দায়ের করেন নাবালিকার মা। বৃহস্পতিবার গভীর রাতে গ্রেফতার করা হয় নাবালককে শুক্রবার বেলা আড়াইটা নাগাদ তাকে পাঠানো হয় জলপাইগুড়ি জেজেবি কোর্টে। অন্যদিকে নাবালিকাকে পাঠানো হয় ডাক্তারি পরীক্ষার জন্য আলিপুর দুয়ারে।

# জাতীয় সড়কে গাড়ি রেখে মদ্যপান ,গ্রেফতার চালক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : জাতীয় সড়ক থেকে গ্রেপ্তার চালক আটকতার গাড়ি ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানা এলাকায়। ৩১ নম্বর জাতীয় সড়কের ব্যস্ততম এলাকায় গাড়ি রেখে মদ্যপান করতে চলে যায় গাড়ির চালক। এদিকে জাতীয় সড়কে ব্যাপক যানজট তৈরি হয় মহাকাল চৌপথী সংলগ্ন এলাকায়। মদ্য পানকারী গাড়ি চালককে গ্রেফতার করে শামুকতলা রোড পুলিশ শুক্রবার বেলা তিনটা নাগাদ। আটক করা হয় তার গাড়িটি। পুলিশ সূত্রে জানা গেছে ৩১ নম্বর জাতীয় সড়কে ব্যাপক যানজট তৈরি হয় রাস্তার মাঝ বরাবর গাড়ি রেখে চলে যাওয়া ওই গাড়িচালকের জন্য। হয়রানির শিকার হয়েছিল দূরপাল্লার অন্যান্য গাড়ি চালকরা। পুলিশ মদ্যপ অবস্থায় গাড়ির চালককে গ্রেফতার করেছে। তার বিরুদ্ধে বিভিন্ন ধারায় মামলা শুরু করেছে পুলিশ।

# ধ্বংসস্তূপে পরিণত হয়েছে শাল কুমার এলাকা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : আলিপুরদুয়ার এক ব্লকে শালকুমার এক গ্রাম পঞ্চায়েতে ক্ষতিগ্রস্থ অনেক কৃষক। বিঘের পর বিঘে জমির ফসল নষ্ট হয়ে গিয়েছে পলি পড়ে। এখন ও অনেকের বাড়ির পলি পরিষ্কার হয়নি।এলাকায় প্রচুর কৃষকের জমির ফসল, ধান নষ্ট হয়েছে সব পলি জমে নষ্ট হয়ে গিয়েছে মাথায় হাত কৃষকদের। শালকুমার এক গ্রাম পঞ্চায়েতের ই নতুনপাড়া এলাকা ক্ষতিগ্রস্থ এলাকা প্রায় ধ্বংসস্তুপে পরিণত হয়েছে। এলাকার অনেকের বড়ি তোর্ষা নদীর স্রোতে ভাসিয়ে নিয়ে গেছে এলাকার প্রায় আট জন বাসিন্দা গৃহহীন অন্যত্র আশ্রয় নিয়েছে। এলাকায় বর্তমানে দেখা দিয়েছে পানীয় জলের সমস্যা।

# হাতির আক্রমণে মৃত্যু হল এক ব্যক্তির



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : হাতির হামলায় এক ব্যক্তির মৃত্যুকে ঘিরে ব্যাপক চাঞ্চল্য ছড়ালো কালচিনি ব্লকের দক্ষিণ লতাবাড়ি এলাকায়। স্থানীয় সূত্রে খবর, শুক্রবার সন্ধ্যায় জঙ্গল থেকে লোকালয়ে বেরিয়ে আসে একটি হাতি।এরপর সড়কের ধারে বসে থাকা এক ব্যক্তির উপর হামলা চালায় হাতিটি। আহত অবস্থায় জখম ব্যক্তিটিকে উদ্ধার করে লতাবাড়ি গ্রামীণ হাসপাতালে নিয়ে এলে চিকিৎসকরা মৃত বলে ঘোষণা করে। এখনও মৃত ব্যক্তির পরিচয় জানা যায়নি বলে বনদফতর সূত্রে খবর। শনিবার মৃতদেহের ময়নাতদন্ত করা হবে আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে।

# পুলিশ সুপার এবং জেলা শাসকের উপস্থিতিতে পুলিশ ক্যাম্প



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : আলিপুরদুয়ার জেলার প্রশাসনিক কর্তাদের উপস্থিতিতে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন এলাকায় মোবাইল পুলিশ ক্যাম্প করা হয়েছে সারাদিন ধরে এমনটাই জানা গেছে সোনাপুর পুলিশ ফাঁড়ি র ওসি দেবাশীষ দেবের কাছ থেকে শুক্রবার বিকেল পাঁচটা নাগাদ। এদিন এই পুলিশ ক্যাম্পে উপস্থিত ছিলেন আলিপুরদুয়ার জেলার জেলাশাসক আর বিমলা এবং পুলিশ সুপার ওয়াই রঘুবংশী। মুখ্যমন্ত্রীর নির্দেশের পরেই শুরু হয়েছে মোবাইল পুলিশ ক্যাম্প জনগণের সহায়তার জন্য। আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন এলাকায় বন্যায় ক্ষতিগ্রস্ত হয়েছেন কয়েক হাজার মানুষ। তাদের প্রয়োজনীয় কাগজপত্র নষ্ট হয়ে গেছে জলে ভিজে আর এর ফলেই বিপাকে পড়েছেন আলিপুরদুয়ার জেলার এক নম্বর ব্লকের কাশিয়াবাড়ি নতুন পাড়া শালকুমার সহ বিভিন্ন এলাকার বাসিন্দারা। জেলা পুলিশের নির্দেশে শুক্রবার থেকে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের বিভিন্ন এলাকায় শুরু হয়েছে পুলিশের ক্যাম্প। এলাকার বাসিন্দাদের পুলিশ ফাঁড়িতে গিয়ে কোন অভিযোগ দায়ের করার বিষয় নেই। পুলিশ বিভিন্ন এলাকায় গিয়ে ক্যাম্প করে এলাকার মানুষের অভিযোগ লিপিবদ্ধ করছেন। সোনাপুর পুলিশ ফাঁড়ির ওসি দেবাশীষ দেব জানিয়েছেন এলাকার মানুষদের স্বার্থে বন্যা কবলিত এলাকায় গিয়ে তাদের অভিযোগ গ্রহণ করার জন্য ক্যাম্প করা শুরু হয়েছে আগামী বেশ কয়দিন চলবে এই ক্যাম্প।

# বন্যা দুর্গত এলাকায় পরিদর্শনে মীনাক্ষী মুখার্জি




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,১০ অক্টোবর : আগুন লাগার পর কূপ খনন করার চেষ্টা করা হয় অনেক জায়গায়। বন্যার ৫ দিন পর যখন এলাকা অনেকটাই স্বাভাবিক পরিস্থিতিতে ফিরে আসছে ঠিক সেই সময় আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শিসামারা এলাকায় বন্যা দুর্গত দের সঙ্গে দেখা করলেন রাজ্যের সিপিআইএম নেত্রী মীনাক্ষী মুখার্জী এমনটাই জানা গেছে শুক্রবার বেলা দুটো নাগাদ। এদিন সিপিআইএমের বিভিন্ন নেতৃত্বকে সঙ্গে নিয়ে আলিপুরদুয়ার এক নম্বর ব্লকের শিসামারা এলাকায় গিয়ে এলাকার ক্ষতিগ্রস্ত বাসিন্দাদের সঙ্গে কথা বলেন। শিসা মারা নদীর বাঁধ পাকাপোক্ত ভাবে করার দাবি তুলেন সিপিআইএমের নেতৃত্ব সহ সিপিআইএমের নেত্রী মীনাক্ষী মুখার্জি।

# শ্রমিকদের বকেয়া মজুরি না দিয়ে চা বাগান বন্ধ করে চলে গেলেন মালিকপক্ষ




নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ১০ অক্টোবর : শিলিগুড়ি লাগোয়া নকশালবাড়িতে বন্ধ হয়ে গেলো একটি চা বাগান। জানা গেছে নকশালবাড়ির আশাপুর চা বাগানের ম্যানেজার বৃহস্পতিবার রাতে বাগান বন্ধ করে চলে যান। উল্লেখ্য পুজোর ছুটির পর চলতি মাসের পাঁচ তারিখ আশাপুর চা বাগান খোলে। বাগান খুলতেই শ্রমিকরা তাদের সাড়ে চার সপ্তাহের বকেয়া মজুরি দাবি করেন। ম্যানেজার সেই বকেয়া মজুরি কিস্তিতে দেবেন বলে জানান কিন্তু শ্রমিকরা ম্যানেজারের কথায় ভুল বুঝে দুদিন কাজ বন্ধ করে তাদের বকেয়া মজুরি প্রদানের দাবি জানান। এই পরিস্থিতিতে ম্যানেজার বৃহস্পতিবার রাতে চা বাগানের ফ্যাক্টরি ও গেটে অফিসে তালা ঝুলিয়ে চা বাগান ছেড়ে চলে যান। ফলে বিপাকে পড়েন মোট সাড়ে চারশো শ্রমিক। তাদের দাবি দ্রুত বাগান খোলা হোক। এ বিষয়ে দার্জিলিং জেলা আই এন টি টি ইউ সি সভাপতি নির্জল দেব জানান বিষয়টি অতিরিক্ত শ্রম কমিশনারকে জানানো হয়েছে। খুব শীঘ্রই ত্রিপাক্ষিক বৈঠক আয়োজন করে বকেয়া মজুরির প্রদানের ব্যাপারে সুষ্ঠু আলোচনা করে চা বাগান খোলার উদ্যোগ গ্রহন করা হয়েছে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL | PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 | CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |